

যুগান্তর

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১০:৫৩ এএম

শিক্ষার্জন

সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী অনুপস্থিত ঢাকায়, সর্বনিম্ন চট্টগ্রামে



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ০৩:৫৭ পিএম



ফাইল ছবি

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। ফলাফলের বিস্তারিত তথ্যে দেখা যায়, এবার ঢাকা বোর্ডে সবচেয়ে বেশি পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। আর সবচেয়ে কম অনুপস্থিতি ছিল চট্টগ্রাম বোর্ডে।

বৃহস্পতিবার (১০ জুলাই) সব বোর্ডের ফলের পরিসংখ্যান থেকে এ তথ্য জানা যায়। এবার গড় পাশের হার ৬৮.৪৫ শতাংশ। ২০২৪ সালে পাশের হার ছিল ৮৩.০৪ শতাংশ।

পরিসংখ্যানে দেখা গেছে, অনুপস্থিত শিক্ষার্থীর দিক থেকে সবচেয়ে বেশি ছিল ঢাকা বোর্ডে ৩ হাজার ২৪৮ জন। এরপর রয়েছে দিনাজপুর বোর্ডে ২ হাজার ৮৩৩ জন, যশোর বোর্ডে ২ হাজার ৬৩৯ জন, রাজশাহী বোর্ডে ২ হাজার ৪৮২ জন, কুমিল্লা বোর্ডে ২ হাজার ২৫১ জন, বরিশাল বোর্ডে ১ হাজার ৭৭১ জন, ময়মনসিংহ বোর্ডে ১ হাজার ৬০৩ জন, সিলেট বোর্ডে ৭৯৪ জন এবং সবচেয়ে কম অনুপস্থিত ছিল চট্টগ্রাম বোর্ডে ৬৪৫ জন।

এসএসসি ফল: ছেলেদের ছাড়িয়ে এবারও মেয়েদের জয়জয়কার

উল্লেখ্য, চলতি বছর এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছিল গত ১০ এপ্রিল। পরীক্ষা শেষ হয় ১৩ মে। এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় নিয়মিত-অনিয়মিত মিলিয়ে মোট পরীক্ষার্থী ছিল ১৯ লাখ ২৮ হাজার ৯৭০ জন। ২০২৪ সালের তুলনায় এবার প্রায় এক লাখ পরীক্ষার্থী কম ছিল। শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে এবার ফল তৈরি হয়েছে ‘বাস্তব মূল্যায়ন’ নীতিতে।

১৩৪ প্রতিষ্ঠান থেকে কেউ পাশ করেনি